

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
১৩ # শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনি
রমনা, ঢাকা।

নং- এবিবি(সাঃ)/তথ্য অধিকার/২৪/০৯- ৯৯৪

তারিখঃ ১৬ ফেব্রুয়ারি ২০১০
০৪ ফাল্গুন ১৪১৫

বিষয় : জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করণের লক্ষ্যে তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতার
বেসরকারী সংস্থাসমূহ কর্তৃক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রদান প্রসঙ্গে।

সূত্র : ১) প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৫/১২/২০০৯ তারিখের ৩৩.৪৩.২৩.০০.০০.০৪.২০০৯(অংশ-১)-২৭১ নং পত্র
২) অত্র ব্যুরোর ০৯/১১/০৮ তারিখের এবিবি/সপ-২/তথ্য মন্ত্রণালয়/বি-১১৬/৯৩-১৮২০ নং পত্র।

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্রস্থ পত্রের নির্দেশনা মোতাবেক জানানো যাচ্ছে যে, এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক
নিবন্ধিত সকল বৈদেশিক সাহায্যপুষ্ট সংস্থা তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী তথ্য সরবরাহকারী কর্তৃপক্ষের
অন্তর্ভুক্ত। তথ্য অধিকার আইন-২০০৯ এর ১০ ধারা (৩য় অধ্যায়) তথ্যের অবাধ প্রবাহের দায়িত্ব পালন করবেন
একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। তাই প্রতিটি প্রতিষ্ঠানের একটি তথ্য ইউনিট গঠন করতে এবং একজন কর্মকর্তা নিয়োগ
দিতে আইনতঃ বাধ্যবাধকতা রয়েছে।

ইতোপূর্বে ২নং সূত্রস্থ পত্রের মাধ্যমে তথ্য প্রদান ইউনিট খুলে কর্মকর্তা নিয়োগ প্রদানের জন্য অনুরোধ করা
হয়েছিল। কিছু কিছু প্রতিষ্ঠান তথ্য প্রদান ইউনিট খুলে কর্মকর্তা নিয়োগ নিয়ে এনজিও বিষয়ক ব্যুরোকে অবহিত
করেছেন। কিন্তু বেশীর ভাগ প্রতিষ্ঠানই তথ্য প্রদান ইউনিট খুলে এ অফিসকে অবহিত করেননি।

ভৎস্রক্ষিতে এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত সকল এনজিওকে “তথ্য প্রদান ইউনিট” খুলে একজন
কর্মকর্তাকে নিয়োগ নিয়ে ঐ কর্মকর্তার নাম, পদবী, টেলিফোন নম্বর, ই-মেইল এবং ওয়েবসাইট (যদি থাকে) প্রেরণ
করতে নির্দেশিত হলে পুনরায় অনুরোধ করা হ'ল।


(মোহাম্মাদ ইব্রাহীম)
উপ-পরিচালক(উপ-সচিব)
ফোনঃ ৯৫৬২৮৪১।

.....
.....
.....